রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৮, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**বিধি-৫ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ ভাদ্র ১৪২১ বঙ্গাব্দ/১৫ সেপ্টেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং-২৩১-আইন/২০১৪।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

২। **প্রযোজ্যতা।**—এই বিধিমালা তফসিল-১ এ উল্লিখিত সার্ভিস বা ক্যাডার পদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৩। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,—

(১) "অনগ্রসর নাগরিক" অর্থ সরকার কর্তৃক, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, ঘোষিত কোন অনগ্রসর শ্রেণীর নাগরিক বা নাগরিক শ্রেণি বা গোষ্ঠী;

(২) "আবশ্যিক বিষয়" অর্থ বিধি ১৮ এর উপ-বিধি (১) ও (২) এ উল্লিখিত বিষয়সমূহ;

(৩) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারি কর্মকমিশন;



**মূল্য ঃ** টাকা ৩০.০০

(৪) "ক্যাডার পদ" অর্থ তফসিল-১ এ অন্তর্ভুক্ত কোন পদ;

(৫) "ডিগ্রী" অর্থ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রী;

(৬) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(৭) "নির্ধারিত" অর্থ কমিশন কর্তৃক নির্ধারিত;

(৮) "পদ সংশ্লিষ্ট বিষয়" অর্থ বিধি ১৮ এর উপ-বিধি (২) এর ৬নং ক্রমিকের বর্ণনা অনুযায়ী সংশ্লিষ্ট ক্যাডার পদের জন্য তফসিল-১ এ উল্লিখিত সংশ্লিষ্ট ক্যাডারের শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্ট কোন বিষয়;

(৯) "পরীক্ষা" অর্থ কোন সার্ভিস বা সার্ভিসের কোন ক্যাডার পদে নিয়োগের উদ্দেশ্যে গৃহীত কোন পরীক্ষা;

(১০) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট ক্যাডারের জন্য তফসিল-১ এ উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা;

(১১) "প্রার্থী" অর্থ এই বিধিমালার অধীন গৃহীত কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারী;

(১২) "বিসিএস" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস;

(১৩) "সার্ভিস" অর্থ Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর Schedule-1এ উল্লিখিত কোন সার্ভিস; এবং

(১৪) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনস্টিটিউট" অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট ও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৪। **পরীক্ষা, ইত্যাদির স্থান**।—(১) পরীক্ষাসমূহ কমিশন কর্তৃক গৃহীত হইবে।

(২) লিখিত পরীক্ষা ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল ও সিলেট কেন্দ্রে অনুষ্ঠিত হইবে, তবে প্রার্থী সংখ্যা বিবেচনাক্রমে কমিশনের নিকট অন্য কোন স্থানে পরীক্ষা গ্রহণ করা প্রয়োজনীয় বলিয়া বিবেচিত হইলে উক্ত স্থানেও পরীক্ষা গ্রহণ করা যাইবে।

(৩) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা কমিশন কর্তৃক নির্ধারিত স্থান বা স্থানসমূহে অনুষ্ঠিত হইবে।

৫। **কমিশন কর্তৃক ঘোষণাযোগ্য বিষয়সমূহ**।—পরীক্ষা সংশ্লিষ্ট নিম্নবর্ণিত বিষয়সমূহ কমিশন কর্তৃক ঘোষণা করা হইবে, যথাঃ—

(ক) তারিখ, সময়সূচি এবং পরীক্ষার স্থান;

(খ) পরীক্ষার মাধ্যমে যে সকল সার্ভিস বা ক্যাডার পদ পূরণ করা হইবে সেই সকল সার্ভিস বা ক্যাডার পদের নাম ও প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা; এবং

(গ) কমিশন কর্তৃক নির্ধারিত প্রয়োজনীয় তথ্য, বিষয়, সনদ, ডকুমেন্টস, কাগজপত্র বা অন্য কোন বিষয়।

৬। **যোগ্যতা**।—(১) এই বিধিমালার অধীন লিঙ্গ নির্বিশেষে যে কোন ব্যক্তি সার্ভিসের পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলিয়া গণ্য হইবেন।

(২) প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকরিরত প্রার্থীগণের মধ্যে যাহাদের পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা রহিয়াছে তাহারা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত হইলে উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।

(৩) প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকরিরত প্রার্থীদের মধ্যে যিনি চাকরি হইতে ইস্তফা দিয়াছেন বা অপসারিত হইয়াছেন, এই ধরনের প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হইলে তাহার আবেদনপত্রের সহিত চাকরি হইতে ইস্তফাপত্র নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হইয়াছে এইরূপ আদেশ বা অপসারণ আদেশের সত্যায়িত কপি জমা প্রদান করিতে হইবে।

৭। **প্রিলিমিনারী টেস্ট গ্রহণ**।—(১) বিধি ৯ এর উপ-বিধি (১) অনুযায়ী দাখিলকৃত আবেদনপত্র বাছাইয়ের পর প্রার্থীদের উপযুক্ততা নির্ধারণের উদ্দেশ্যে জ্ঞানের বিভিন্ন শাখার উপর কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ২০০ (দুইশত) নম্বরের একটি পত্রে ২ (দুই) ঘণ্টাব্যাপী প্রিলিমিনারি মাল্টিপল চয়েস কোশ্চেন (MCQ) টেস্ট গ্রহণ করা হইবে।

(২) প্রিলিমিনারী MCQ টেস্ট এর সিলেবাস ও অন্যান্য বিষয় কমিশন কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রার্থীদের উপযুক্ততা এবং কৃতকার্যতা নির্ধারণের ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৪) প্রতিটি MCQ প্রশ্নের শুদ্ধ উত্তরের জন্য প্রার্থী ১ (এক) নম্বর পাইবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন করা হইবে।

(৫) অনুমোদিত প্রার্থীকে বিধি ১১ অনুযায়ী কমিশন কর্তৃক জারিকৃত প্রবেশপত্রে উল্লিখিত কেন্দ্রে নিজ খরচে উপস্থিত হইয়া পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

৮। **উত্তরপত্রের গোপনীয়তা।**—(১) প্রিলিমিনারি টেস্টের MCQ উত্তরপত্র গোপনীয় থাকিবে এবং উহা পুনঃনিরীক্ষণ বা পুনঃপরীক্ষণের সুযোগ থাকিবে না।

(২) প্রিলিমিনারি টেস্টের উত্তরপত্র কোন প্রার্থী বা তাহার প্রতিনিধিকে কোনভাবে প্রদর্শন করা হইবে না এবং উক্ত টেস্টের নম্বর কোন প্রার্থী বা তাহার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হইবে না।

৯। **আবেদনপত্র দাখিল, পরীক্ষার ফি, ইত্যাদি।**—(১) পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে নির্ধারিত তারিখের মধ্যে কমিশন কর্তৃক নির্দেশিত পদ্ধতি অনুসরণ করিয়া কমিশনের ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত আবেদনপত্র অনলাইনে পূরণ করিয়া জমা প্রদান করিতে হইবে, এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

(২) নিম্নবর্ণিত সাধারণ ক্যাডার সার্ভিসের যে সার্ভিস বা সার্ভিসসমূহে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতাধারী কোন প্রার্থী বিবেচিত হইতে আগ্রহী সেই সকল সার্ভিস বা সার্ভিসসমূহের নাম অগ্রাধিকারের ক্রমানুসারে তাহার আবেদনপত্রে উল্লেখ করিতে হইবে, যথা:—

(ক) বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন);

(খ) বাংলাদেশ সিভিল সার্ভিস (আনসার);

(গ) বাংলাদেশ সিভিল সার্ভিস (নিরীক্ষা ও হিসাব);

(ঘ) বাংলাদেশ সিভিল সার্ভিস (সমবায়);

(ঙ) বাংলাদেশ সিভিল সার্ভিস (শুল্ক ও আবগারি);

(চ) বাংলাদেশ সিভিল সার্ভিস (ইকনমিক);

(ছ) বাংলাদেশ সিভিল সার্ভিস (পরিবার পরিকল্পনা);

(জ) বাংলাদেশ সিভিল সার্ভিস (খাদ্য);

(ঝ) বাংলাদেশ সিভিল সার্ভিস (পররাষ্ট্র);

(ঞ) বাংলাদেশ সিভিল সার্ভিস (তথ্য);

(ট) বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ);

(ঠ) বাংলাদেশ সিভিল সার্ভিস (ডাক);

(ড) বাংলাদেশ সিভিল সার্ভিস (রেলওয়ে পরিবহন ও বাণিজ্যিক);

(ঢ) বাংলাদেশ সিভিল সার্ভিস (কর);

(ণ) বাংলাদেশ সিভিল সার্ভিস (বাণিজ্য);

(৩) নির্ধারিত শিক্ষাগত যোগ্যতাধারী কোন প্রার্থীকে নিম্নবর্ণিত কারিগরি বা পেশাগত ক্যাডারের যে সার্ভিস বা সার্ভিসসমূহে তিনি বিবেচিত হইতে আগ্রহী সেই সকল সার্ভিস বা সার্ভিসসমূহের নাম অগ্রাধিকারের ক্রমানুসারে তাহার আবেদনপত্রে উল্লেখ করিতে হইবে, যথা:—

(ক) বাংলাদেশ সিভিল সার্ভিস (কৃষি);

(খ) বাংলাদেশ সিভিল সার্ভিস (সমবায়);

(গ) বাংলাদেশ সিভিল সার্ভিস (মৎস্য);

(ঘ) বাংলাদেশ সিভিল সার্ভিস (খাদ্য);

(ঙ) বাংলাদেশ সিভিল সার্ভিস (বন);

(চ) বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা);

(ছ) বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য);

(জ) বাংলাদেশ সিভিল সার্ভিস (তথ্য);

(ঝ) বাংলাদেশ সিভিল সার্ভিস (পশুসম্পদ);

(ঞ) বাংলাদেশ সিভিল সার্ভিস (জনস্বাস্থ্য প্রকৌশল);

(ট) বাংলাদেশ সিভিল সার্ভিস (গণপূর্ত);

(ঠ) বাংলাদেশ সিভিল সার্ভিস (রেলওয়ে প্রকৌশল);

(ড) বাংলাদেশ সিভিল সার্ভিস (সড়ক ও জনপথ);

(ঢ) বাংলাদেশ সিভিল সার্ভিস (পরিসংখ্যান);

(ণ) বাংলাদেশ সিভিল সার্ভিস (কারিগরি শিক্ষা);

(ত) বাংলাদেশ সিভিল সার্ভিস (বাণিজ্য);

(৪) পরীক্ষায় অংশগ্রহণের জন্য দাখিলকৃত অনলাইন আবেদনপত্রের সহিত প্রার্থীকে কমিশন কর্তৃক নির্দেশিত পদ্ধতিতে—

(ক) দফা (খ) তে উল্লিখিত প্রার্থী ব্যতীত অন্যান্য সকল প্রার্থীকে অফেরতযোগ্য ৭০০/-(সাতশত) টাকা,

(খ) বিধি ৩ এর দফা (১) এর অধীন কোন প্রার্থীকে অফেরতযোগ্য ১০০/-(একশত) টাকা, ফি জমা প্রদান করিতে হইবে।

(৫) কমিশন সচিবালয় উপ-বিধি (৪) এর অধীন প্রার্থীগণ কর্তৃক জমাকৃত ফি যথাযথ পদ্ধতি অনুসরণ করিয়া সরকারের নির্দিষ্ট খাতে জমা প্রদান করিবে।

(৬) প্রার্থীকে অনধিক তিন মাস পূর্বে তোলা ছবি কমিশনের নির্দেশনা অনুসারে অনলাইন আবেদনপত্রের (BPSC Form-1) নির্দিষ্টকৃত স্থানে আপলোড করিতে হইবে।

(৭) প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীকে লিখিত পরীক্ষার জন্য নির্ধারিত মূল আবেদনপত্রের (BPSC Form-2) নির্দিষ্টকৃত স্থানে প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত তিন কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করিতে হইবে।

(৮) কোন আবেদনপত্রে গুরুতর অসম্পূর্ণতা (Substantively Incomplete)) থাকিলে বা ভুলভাবে পূরণ করিলে বা প্রয়োজনীয় তথ্য ও প্রামাণিক দলিলাদি সংযুক্ত না করিলে উক্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

**ব্যাখ্যা ঃ**—'গুরুতর অসম্পূর্ণতা' অর্থ কমিশন কর্তৃক গেজেট বিজ্ঞপ্তি দ্বারা ঘোষিত প্রার্থীর আবেদনপত্রের কোন গুরুতর অসম্পূর্ণতা।

১০। **ঠিকানা।**—প্রত্যেক প্রার্থীকে তাহার আবেদনপত্রে ডাক যোগাযোগের ঠিকানা প্রদান করিতে হইবে এবং প্রার্থীর ঠিকানা পরিবর্তন হইলে তাহা কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)' কে যথাসময়ে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

১১। **প্রবেশপত্র।**—(১) কমিশনের নির্দেশনা অনুযায়ী অনলাইনে আবেদনপত্র পূরণ করিয়া নির্ধারিত ফি জমাদানের পর যোগ্য প্রার্থী কম্পিউটারের সাহায্যে স্বয়ংক্রিয়ভাবে তাহার নিজ প্রবেশপত্র ডাউনলোড করিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন না।

১২। **লিখিত পরীক্ষার উত্তরপত্র এবং মৌখিক পরীক্ষা সংক্রান্ত গোপনীয়তা।**—(১) লিখিত পরীক্ষার সকল উত্তরপত্র গোপনীয় দলিল হিসাবে গণ্য হইবে এবং কোন অবস্থাতেই কোন প্রার্থী বা তাহার প্রতিনিধিকে উহা প্রদর্শন করা যাইবে না।

(২) উত্তরপত্র পুনঃপরীক্ষণের কোন আবেদন বিবেচনা করা হইবে না, তবে সরকার কর্তৃক নির্ধারিত ফি জমা প্রদানপূর্বক কোন প্রার্থী কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে লিখিত পরীক্ষার নম্বরপত্র প্রাপ্তির জন্য কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) বরাবর আবেদন করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীনকৃত আবেদন কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে প্রক্রিয়ায়ণ শেষে নিষ্পন্ন করা হইবে।

(৪) মৌখিক পরীক্ষার নম্বর গোপনীয় থাকিবে এবং উক্ত পরীক্ষার নম্বর বা এতদ্‌সংশ্লিষ্ট তথ্য প্রার্থী বা তাহার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হইবে না।

১৩। **শিক্ষাগত যোগ্যতা।**—(১) আবেদনপত্রে উল্লিখিত ক্যাডার পদের জন্য কোন প্রার্থীর বিসিএস পরীক্ষার বিজ্ঞাপনে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা না থাকিলে তিনি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন না।

(২) যদি কোন প্রার্থী কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের এমন কোন পরীক্ষায় অবতীর্ণ হইয়া থাকেন যাহাতে চাহিদাকৃত শ্রেণি বা বিভাগসহ পাস করিলে তিনি বিসিএস পরীক্ষা দেওয়ার যোগ্যতা অর্জন করিবেন, তাহা হইলে তিনি বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ ক্ষেত্রে বিসিএস পরীক্ষার আবেদনপত্র জমাদানের শেষ তারিখের মধ্যে তাহার সকল লিখিত পরীক্ষা সম্পন্ন হইবার প্রমাণপত্র আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত আবেদনপত্র সাময়িকভাবে গ্রহণ করা হইবে এবং এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীকে অবতীর্ণ প্রার্থী হিসাবে বিবেচনা করা হইবে।

(৪) অবতীর্ণ প্রার্থীকে তাহার মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখের পূর্বে যথাশীঘ্র সম্ভব বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা অর্জনের মূল অথবা সাময়িক সনদ কমিশনে দাখিল করিতে হইবে।

(৫) এই বিধির অধীন আবেদনকারী প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য তাহার আবেদনপত্রের সহিত উক্তরূপ শিক্ষাগত পরীক্ষায় অংশগ্রহণের প্রমাণস্বরূপ উক্ত পরীক্ষার প্রবেশপত্র এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পরীক্ষা শুরু ও শেষ হইবার তারিখ সংবলিত প্রত্যয়নপত্র অবশ্যই জমা প্রদান করিতে হইবে।

১৪। **বয়সসীমা।**—(১) কমিশন কর্তৃক যে মাসে বিসিএস পরীক্ষার বিজ্ঞাপন জারি করা হইবে উক্ত মাসের প্রথম তারিখে কোন প্রার্থীর বয়স ২১ (একুশ) বৎসরে নিম্নে বা ৩০ (ত্রিশ) বৎসরের উর্ধ্বে হইলে তিনি উক্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত বয়সসীমা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হইবে, যথা ঃ—

(ক) মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র বা কন্যা, প্রতিবন্ধী প্রার্থী এবং বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা হইবে ৩২ (বত্রিশ) বৎসর;

(খ) মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধা, মহিলা এবং অনগ্রসর নাগরিক প্রার্থীর জন্য সরকার কর্তৃক সময় সময় সরকারি গেজেটে বিজ্ঞপ্তির মাধ্যমে নির্ধারিত বয়সসীমা।

(৩) বিসিএস (সাধারণ শিক্ষা), বিসিএস (কারিগরি শিক্ষা) এবং বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার পদের ক্ষেত্রে উপজাতীয় প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য হইবে এবং অবশিষ্ট সকল ক্যাডারের ক্ষেত্রে উপজাতীয় প্রার্থীদের সর্বোচ্চ বসয়সীমা হইবে ৩০ বৎসর।

(৪) উপ-বিধি (১) এবং (২) এ উল্লিখিত বসয়সীমা বিশেষ অবস্থায় সরকার কর্তৃক সময় সময় শিথিলযোগ্য হইবে।

(৫) এসএসসি বা সমমানের সনদে উল্লিখিত জন্ম তারিখ অথবা কমিশন কর্তৃক স্বীকৃত অন্য কোন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক একজন প্রার্থীর নামে ইস্যুকৃত সনদে উল্লিখিত জন্ম তারিখ বয়স প্রমাণের দলিল হিসাবে গণ্য হইবে এবং 'ও' লেভেল ও 'এ' লেভেল উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ দালিলিক প্রমাণ হিসাবে গণ্য হইবে।

(৬) বয়স প্রমাণের জন্য হলফনামা (Affidavit) গ্রহণযোগ্য হইবে না।

১৫। **নাগরিকত্ব**।—(১) বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(২) সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকিলে বা বিবাহ করিতে প্রতিজ্ঞাবদ্ধ হইয়া থাকিলে তিনি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

১৬। **মিথ্যা তথ্য প্রদান ও অসদুপায় অবলম্বনের শাস্তি**।—(১) কোন প্রার্থী আবেদনপত্রে জ্ঞাতসারে কোন ভুল বা মিথ্যা তথ্য প্রদান করিলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করিলে বা টেম্পারিং করিলে বা কোন জাল সার্টিফিকেট দাখিল করিলে বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোন অংশ বা প্রবেশপত্র টেম্পারিং বা পরিবর্তন করিলে বা পরীক্ষার হলে মোবাইল ফোন বা কোন ধরনের ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে অসদুপায়ের আশ্রয় গ্রহণ করিলে বা পরীক্ষা হলে কোনরূপ দুর্ব্যবহার করিলে বা অসদুপায় অবলম্বন করিলে বা প্রতারণার আশ্রয় নিলে তাহাকে উক্ত পরীক্ষাসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোন পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা যাইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ব্যবস্থার অতিরিক্ত হিসাবে ক্ষেত্রবিশেষ সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাইবে এবং উক্ত প্রার্থীকে সার্ভিসে নিয়োগের পর এইরূপ কোন তথ্য প্রকাশ ও উহা প্রমাণিত হইলে তাহাকে চাকরি হইতে বরখাস্তকরণ ছাড়াও তাহার বিরুদ্ধে আইনানুগ যে কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১৭। **প্রার্থী নির্বাচন**।—কৃতকার্য প্রার্থীদের মধ্য হইতে কমিশন উপযুক্ত প্রার্থী নির্বাচন করিবে এবং সার্ভিস বা ক্যাডার পদে নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের নাম সরকারের নিকট সুপারিশ করিবে।

১৮। **পরীক্ষার বিষয়সমূহ এবং নম্বর বন্টন**।—(১) তফসিল-১ এর ক্রমিক ১, ৩, ৪, ৫(ক), ৬, ৭, ৮, ১০(ক), ১১, ১৫(ক), ১৭, ১৮, ২২, ২৫ এবং ২৭ (ক) হইতে উল্লিখিত সার্ভিস বা ক্যাডার পদসমূহের নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের নিম্নোক্ত বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে, যথাঃ—

| ক্রমিক নং | বিষয়ের নাম | নম্বর বন্টন |
|---|---|---|
| (১) | বাংলা | ২০০ |
| (২) | ইংরেজি | ২০০ |

| ক্রমিক নং | বিষয়ের নাম | নম্বর বন্টন |
|---|---|---|
| (৩) | বাংলাদেশ বিষয়াবলী | ২০০ |
| (৪) | আন্তর্জাতিক বিষয়াবলী | ১০০ |
| (৫) | গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা | ১০০ |
| (৬) | সাধারণ বিজ্ঞান ও প্রযুক্তি | ১০০ |
| (৭) | মৌখিক পরীক্ষা | ২০০ |
| | সর্বমোট= | ১১০০। |

(২) তফসিল-১ এর ক্রমিক ২, ৫(খ), ৯, ১০(খ), ১২, ১৩, ১৪, ১৫(খ), ১৬, ১৯, ২০, ২১, ২৩, ২৪, ২৬, এবং ২৭(খ) তে উল্লিখিত সার্ভিস বা ক্যাডার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের নিম্নোক্ত বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে, যথা ঃ—

| ক্রমিক নং | বিষয়ের নাম | নম্বর বন্টন |
|---|---|---|
| (১) | বাংলা | ১০০ |
| (২) | ইংরেজি | ২০০ |
| (৩) | বাংলাদেশ বিষয়াবলী | ২০০ |
| (৪) | আন্তর্জাতিক বিষয়াবলী | ১০০ |
| (৫) | গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা | ১০০ |
| (৬) | সংশ্লিষ্ট পদ বা সার্ভিসের জন্য প্রাসঙ্গিক বিষয় | ২০০ |
| (৭) | মৌখিক পরীক্ষা | ২০০ |
| | সর্বমোট= | ১১০০। |

১৯। **লিখিত পরীক্ষার সময় ও মানবন্টন**।—(১) ২০০ (দুইশত) নম্বরের প্রতিটি বিষয়ের লিখিত পরীক্ষার সময় হইবে ৪ (চার) ঘন্টা এবং ১০০ (একশত) নম্বরের প্রতিটি বিষয়ের লিখিত পরীক্ষার সময় হইবে ৩ (তিন) ঘন্টা।

(২) পরীক্ষার বিষয়সমূহের ন্যূনতম মান এবং বিস্তারিত সিলেবাস কমিশন কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) প্রার্থীদের জন্য সকল বিষয় বা পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করা আবশ্যিক হইবে।

২০। **ন্যূনতম পাস নম্বর**।—(১) লিখিত পরীক্ষার পাস নম্বর হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) লিখিত পরীক্ষার গড় ন্যূনতম পাস নম্বর হইবে শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ;

(খ) লিখিত পরীক্ষার কোন বিষয়ে কোন প্রার্থী শতকরা ৩০ (ত্রিশ) ভাগ এর কম নম্বর পাইলে তিনি উক্ত বিষয়ে কোন নম্বর পান নাই বলিয়া গণ্য হইবে; এবং

(গ) মৌখিক পরীক্ষার ন্যূনতম পাস নম্বর হইবে শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কমিশন, প্রয়োজনীয় মনে করিলে, সরকারের পূর্বানুমোদনক্রমে, ন্যূনতম পাস নম্বর হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

২১। **পরীক্ষায় উত্তরদানের ভাষা।**—কমিশন ভিন্নরূপ নির্দেশনা প্রদান না করিলে একজন প্রার্থী তাহার লিখিত পরীক্ষার উত্তর বাংলা অথবা ইংরেজি যে কোন একটি ভাষায় প্রদান করিবেন।

২২। **মৌখিক পরীক্ষা এবং বুদ্ধিমত্তা টেস্ট।**—(১) কমিশন কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত মৌখিক পরীক্ষা বোর্ড লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রত্যেক প্রার্থীর মৌখিক পরীক্ষা গ্রহণ করিবে।

(২) মৌখিক পরীক্ষা বোর্ড প্রার্থীর বুদ্ধিমত্তা, মানসিক সচেতনতা ও বলিষ্ঠতা, চারিত্রিক দৃঢ়তা, সম্ভাবনাময় গতিশীল নেতৃত্বের ক্ষমতা গুরুত্বপূর্ণভাবে বিবেচনাসহ প্রার্থীর পাঠক্রম বহির্ভূত গুণাবলি, যেমন—খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, শখ, ইত্যাদি বিষয়ও বিবেচনা করিবে।

২৩। **স্বাস্থ্য পরীক্ষা।**—(১) লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হইতে কমিশন কর্তৃক চূড়ান্ত সুপারিশের ফলাফল প্রকাশের পর মনোনীত প্রার্থীগণকে স্বাস্থ্য পরীক্ষার জন্য মেডিকেল বোর্ডের সম্মুখে উপস্থিত হইতে হইবে।

(২) স্বাস্থ্য পরীক্ষার ধরন এবং পদ্ধতি তফসিল-২ অনুযায়ী পরিচালিত হইবে।

২৪। **রহিতকরণ ও হেফাজতকরণ।**—(১) Bangladesh Civil Service (Age, Qualification and Examination for Direct Recruitment) Rules, 1982, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত Rules এর অধীন—

(ক) যে সকল সুপারিশ প্রদত্ত হইয়াছে বা কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীন প্রদত্ত এবং নিষ্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি যতদূর সম্ভব এই বিধিমালা অনুযায়ী নিষ্পন্ন করিতে হইবে;

(খ) গৃহীত কোন ব্যবস্থা বা কার্যক্রমের বৈধতা এই বিধিমালা দ্বারা ক্ষুণ্ন হইবে না;

(গ) জারিকৃত বিজ্ঞপ্তি বা সার্কুলারের কোন শর্তের সহিত এই বিধিমালার কোন শর্ত বা বিধান সাংঘর্ষিক হইলে এই বিধিমালার বিধান প্রাধান্য পাইবে।

**তফসিল-১**
**[বিধি ৩(৬) দ্রষ্টব্য]**

| ক্রঃ নং | ক্যাডারের নাম | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| (১) | বিসিএস (প্রশাসন) | সহকারী কমিশনার | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত বোর্ড হইতে এইচ.এস.সি পরীক্ষা পাসের পর ৪(চার) বৎসর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| (২) | বিসিএস (কৃষি) | **(ক) কৃষি অধিদপ্তর**<br>কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/ ইনস্ট্রাক্টর/প্ল্যান্ট প্যাথলজিস্ট/ কীটতত্ত্ববিদ/ বীজ বিশ্লেষক/নমুনা সংগ্রহ অফিসার/ প্রকাশনা অফিসার | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিএসসি (কৃষি) অনার্স ডিগ্রি। |
| | | **(খ) কৃষি বিপণন অধিদপ্তর**<br>সহকারী পরিচালক/গবেষণা কর্মকর্তা | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ডিগ্রি পর্যায়ে অর্থনীতিসহ বাণিজ্য শাখার যে কোন বিষয়ে অথবা অর্থনীতি অথবা পরিসংখ্যানে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ডিগ্রি পর্যায়ে অর্থনীতিসহ বাণিজ্য শাখার যে কোন বিষয়ে অথবা অর্থনীতি অথবা পরিসংখ্যানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কৃষি অর্থনীতি অথবা কৃষি বাজারজাতকরণ বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ব্যবসা প্রশাসনে স্নাতকোত্তর ডিগ্রি। |
| | | **(গ) মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট**<br>বৈজ্ঞানিক কর্মকর্তা | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞানে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে ন্যূনতম ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে অনার্স ডিগ্রি। |

| ক্রঃ নং | ক্যাডারের নাম | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| | | | অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষিতে মৃত্তিকা বিজ্ঞান বিষয়ে (Agriculture in Soil Science) দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষিতে কৃষি রসায়ন বিষয়ে (Agriculture in Soil Chemistry) দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিএসসি (কৃষি) অনার্স ডিগ্রি। |
| (৩) | বিসিএস (আনসার) | সহকারী পরিচালক/<br>সহকারী জেলা কমান্ড্যান্ট/<br>ব্যাটালিয়ন উপ-অধিনায়ক | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত বোর্ড হইতে এইচ.এস.সি পরীক্ষা পাসের পর ৪(চার) বৎসর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| (৪) | বিসিএস (নিরীক্ষা ও হিসাব) | সহকারী মহা-হিসাবরক্ষক | -ঐ- |
| (৫) | বিসিএস (সমবায়) | (ক) সহকারী নিবন্ধক/<br>অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার অব কো-অপারেটিভ সোসাইটিজ/<br>প্রিন্সিপ্যাল, কো-অপারেটিভ জোনাল ইনস্টিঃ/প্রফেসর কো-অপারেটিভ কলেজেজ | -ঐ- |
| | | (খ) পরিসংখ্যানবিদ/গবেষণা কর্মকর্তা | (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান অথবা অর্থনীতি অথবা গণিত বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা উল্লিখিত বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে অনার্স ডিগ্রি। |

| ক্রঃ নং | ক্যাডারের নাম | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| (৬) | বিসিএস (শুল্ক ও আবগারি) | সহকারী কমিশনার (শুল্ক ও আবগারি)/সহকারী পরিচালক শুল্ক ও আবগারি ডিপার্টমেন্ট/ সহকারী নিয়ন্ত্রক কাস্টমস্ ভ্যালুয়েশন/ রেজিস্ট্রার অব কালেক্টরেট অব কাস্টমস্ অ্যান্ড এক্সাইজ (আপিল)/ দ্বিতীয় সচিব জাতীয় রাজস্ব বোর্ড | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত বোর্ড হইতে এইচ.এস.সি পরীক্ষা পাসের পর ৪(চার) বৎসর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| (৭) | বিসিএস (ইকনমিক) | সহকারী প্রধান | -ঐ- |
| (৮) | বিসিএস (পরিবার পরিকল্পনা) | পরিবার পরিকল্পনা কর্মকর্তা | -ঐ- |
| (৯) | বিসিএস (মৎস্য) | (ক) উপজেলা মৎস্য কর্মকর্তা | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৎস্য বিষয়ে অনার্সসহ ডিগ্রি। |
| | | (খ) মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা/ একোয়া কালচারিস্ট/গবেষণা কর্মকর্তা/উপ-সহকারী পরিচালক/বায়োমেট্রিশিয়ান/ বায়োলজিস্ট/প্রজেক্ট অফিসার | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৎস্য বিষয়ে অনার্স ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রাণিবিদ্যা (ফিসারিজ গ্রুপ) এ প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ২য় শ্রেণি বা সমমানের জিপিএ'তে অনার্সসহ ২য় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি। |
| | | (গ) ফিসারিজ টেকনোলজিস্ট/ টেকনোলজিস্ট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কেমিস্ট্রি/ বায়োকেমিস্ট্রি/ এপ্লাইড কেমিস্ট্রি এ প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি/দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে বিএসসি ফিসারিজ (অনার্স) ডিগ্রি। |
| | | (ঘ) ফার্ম ম্যানেজার/বৈজ্ঞানিক কর্মকর্তা/লিমনোলজিস্ট/ এক্সটেনশন ইন্সট্রাক্টর/নেট ইকুইপমেন্ট টেকনোলজিস্ট/ মাইক্রোবায়োলজিস্ট/ইভালুয়েশন অফিসার/মেরিন প্রোডাকশন অফিসার/স্টাটিস্টিক্যাল অফিসার/স্টোর অফিসার | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৎস্য বিষয়ে অনার্স ডিগ্রি। |

| ক্রঃ নং | ক্যাডারের নাম | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| (১০) | বিসিএস (খাদ্য) | (ক) সহকারী খাদ্য নিয়ন্ত্রক/ ম্যানেজার, সিএসডি/ এক্সিকিউটিভ অফিসার/ এডমিনিস্ট্রেটিভ অফিসার, সাইলো | স্নাতকোত্তর ডিগ্রি অথবা এইচ.এস.সি পরীক্ষা পাসের পর ৪(চার) বৎসর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/ শ্রেণি বা সমমানের জিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| | | (খ) সহকারী প্রধান মিলার/ সহকারী রক্ষণ প্রকৌশলী/ সহকারী পরিচালক/ম্যানেজার (টেকনিক্যাল) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্রকৌশলে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। |
| (১১) | বিসিএস (পররাষ্ট্র বিষয়ক) | সহকারী সচিব | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা এইচ.এস.সি পরীক্ষা পাসের পর ৪(চার) বৎসর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/ শ্রেণি বা সমমানের জিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| (১২) | বিসিএস (বন) | সহকারী বন সংরক্ষক | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বনবিদ্যা অথবা বিএসসি কৃষি অথবা উদ্ভিদ বিজ্ঞান অথবা প্রাণিবিজ্ঞান অথবা মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা উল্লিখিত বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে অনার্স ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি। |
| (১৩) | বিসিএস (সাধারণ শিক্ষা) | (ক) সরকারি সাধারণ কলেজসমূহের জন্যঃ প্রভাষক | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |

| ক্রঃ নং | ক্যাডারের নাম | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| | | (খ) শিক্ষক প্রশিক্ষণ কলেজসমূহের জন্যঃ প্রভাষক | (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রিসহ শিক্ষা বিষয়ে ডিগ্রি/ডিপ্লোমা। |
| (১৪) | বিসিএস (স্বাস্থ্য) | (ক) সহকারী সার্জন | (ক) এম.বি.বি.এস অথবা সমমানের ডিগ্রি। |
| | | (খ) অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার, লেকচারার অ্যান্ড ডেন্টাল সার্জন অব ডেন্টাল কলেজ/অ্যাসিস্ট্যান্ট ডেন্টাল সার্জন অব শহীদ সোহরাওয়ার্দী হসপিটাল/ডেন্টাল সার্জন অব মেডিকেল কলেজ হসপিটালস্, জেনারেল হসপিটালস্, সদর হসপিটালস্ অ্যান্ড উপজেলা হেলথ কমপ্লেক্স | (খ) বিডিএস অথবা সমমানের ডিগ্রি। |
| (১৫) | বিসিএস (তথ্য) | (ক) ইনফরমেশন অফিসার, প্রেস ইনফরমেশন ডিপার্টমেন্ট/ফিচার রাইটার, প্রেস ইনফরমেশন ডিপার্টমেন্ট/ ইনফরমেশন অফিসার, ডিপার্টমেন্ট অব ম্যাস কমিউনিকেশন/ ইনফরমেশন অ্যান্ড ডকুমেন্টেশন অফিসার, ডিপার্টমেন্ট অব ম্যাস কমিউনিকেশন/ অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর, ডিপার্টমেন্ট অব ম্যাস কমিউনিকেশন/ অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর, ডিপার্টমেন্ট অব ফিল্মস অ্যান্ড পাবলিকেশনস/ এডভার্টাইজমেন্ট অফিসার, ডিপার্টমেন্ট অব ফিল্মস অ্যান্ড পাবলিকেশনস/ স্ক্রিপ্ট রাইটার, ডিপার্টমেন্ট অব ফিল্মস অ্যান্ড পাবলিকেশনস/রিসার্চ অফিসার, ডিপার্টমেন্ট অব ফিল্মস অ্যান্ড পাবলিকেশনস/অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (প্রোগ্রাম)/অ্যাসিস্ট্যান্ট কন্ট্রোলার (নিউজ)। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে এইচ.এস.সি পরীক্ষা পাসের পর ৪ (চার) বৎসর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমমানের জিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |

| ক্রঃ নং | ক্যাডারের নাম | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| | | (খ) সহকারী বেতার প্রকৌশলী | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফলিত পদার্থ বিদ্যা বিষয়ে প্রথম শ্রেণী বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে মাস্টার্স ডিগ্রি অথবা উক্ত বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে অনার্স ডিগ্রি অথবা ইলেকট্রিক্যাল অথবা ইলেক্ট্রনিক্স অথবা মাইক্রোওয়েভ-এ ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। |
| (১৬) | বিসিএস (পশু সম্পদ) | (ক) ভেটেরিনারি সার্জন, ভেটেরিনারি অ্যাসিস্ট্যান্ট সার্জন, বৈজ্ঞানিক কর্মকর্তা (মিডিয়া অ্যান্ড সিড কালচার), বৈজ্ঞানিক কর্মকর্তা (ভেটেরিনারি পাবলিক হেলথ অ্যান্ড মাইক্রোবায়োলজি), বৈজ্ঞানিক কর্মকর্তা (এন্ডোপ্যারাসাইট), বৈজ্ঞানিক কর্মকর্তা (প্যাথলজি), বৈজ্ঞানিক কর্মকর্তা (টকসিকোলজি), বৈজ্ঞানিক কর্মকর্তা (এক্টোপ্যারাসাইট), বৈজ্ঞানিক কর্মকর্তা (রানীক্ষেত ডিজিজ ভ্যাক্সিন), বৈজ্ঞানিক কর্মকর্তা (ডাক প্লেগ), বৈজ্ঞানিক কর্মকর্তা (ফুট অ্যান্ড মাউথ ডিজিজ), বৈজ্ঞানিক কর্মকর্তা (রিন্ডারপেস্ট ভ্যাক্সিন), বৈজ্ঞানিক কর্মকর্তা (হেমোরিজিক সেপ্টিসিমিয়া), বৈজ্ঞানিক কর্মকর্তা (ফাউল পক্স), বৈজ্ঞানিক কর্মকর্তা (র‍্যাবিজ), বৈজ্ঞানিক কর্মকর্তা (এনথ্রাক্স), বৈজ্ঞানিক কর্মকর্তা (ব্ল্যাক কোয়ার্টার), | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডি.ভি.এম) ডিগ্রিসহ রেজিস্টার্ড ভেটেরিনারি প্রাকটিশনার হতে হবে।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পশু চিকিৎসা এবং পশু পালন বিষয়ে দ্বিতীয় শ্রেণী বা সমমানের জিপিএ'তে বিএসসি ডিগ্রি। |

| ক্রঃ নং | ক্যাডারের নাম | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| | | বৈজ্ঞানিক কর্মকর্তা (কোয়ালিটি কন্ট্রোল অব ভ্যাক্সিন অ্যান্ড ড্রাগস), বৈজ্ঞানিক কর্মকর্তা (ফাউল কলেরা), বৈজ্ঞানিক কর্মকর্তা (সেন্ট্রাল ডিজিজ ইনভেস্টিগেশন ল্যাবরেটরি), বৈজ্ঞানিক কর্মকর্তা (ফিল্ড ডিজিজ ইনভেস্টিগেশন ল্যাবরেটরি), বৈজ্ঞানিক কর্মকর্তা (জুলজিক্যাল গার্ডেন), স্টোর অফিসার, লেকচারার অব ভেটেরিনারি ট্রেনিং ইনস্টিটিউট অথবা লাইভস্টক ট্রেনিং ইনস্টিটিউট ইন ভেটেরিনারি সাবজেক্টস এবং থানা লাইভস্টক অফিসার (মেট্রো)। | |
| | | (খ) এনিম্যাল প্রোডাকশন অফিসার, অ্যাসিস্ট্যান্ট পোল্ট্রি এক্সটেনশন অফিসার, পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার, এনিম্যাল নিউট্রিশন অফিসার, জু অফিসার, অফিসার ইন-চার্জ (জু মিউজিয়াম), বৈজ্ঞানিক কর্মকর্তা (লাইভস্টক ইকনমিক সেকশন), বৈজ্ঞানিক কর্মকর্তা (ক্যাটেল পারচেজ অ্যান্ড ইমপ্রুভমেন্ট সেকশন), বৈজ্ঞানিক কর্মকর্তা (আর্টিফিসিয়াল ইনসিমিনেশন অ্যান্ড এক্সটেনশন), বৈজ্ঞানিক কর্মকর্তা (সেন্ট্রাল ব্রিডিং অ্যান্ড ডেইরি ফার্ম), বৈজ্ঞানিক কর্মকর্তা (এনিম্যাল ব্রিডিং সেকশন), বৈজ্ঞানিক কর্মকর্তা (এনিম্যাল রিয়ারিং সেকশন), বৈজ্ঞানিক কর্মকর্তা (এনিম্যাল নিউট্রিশন সেকশন), পাবলিসিটি অফিসার, লেকচারার অব ভেটেরিনারি ট্রেনিং ইনস্টিটিউট অথবা লাইভস্টক ট্রেনিং ইনস্টিটিউট ইন এনিম্যাল হাজব্যান্ড্রি সাবজেক্টস। | (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পশুপালন বিষয়ে দ্বিতীয় শ্রেণী বা সমমানের জিপিএ'তে বিএসসি অনার্স ডিগ্রি<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পশু চিকিৎসা এবং পশু পালন বিষয়ে দ্বিতীয় শ্রেণী বা সমমানের জিপিএ'তে বিএসসি ডিগ্রি। |

| ক্রঃ নং | ক্যাডারের নাম | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| (১৭) | বিসিএস (পুলিশ) | সহকারী পুলিশ সুপার | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা এইচ.এস.সি পরীক্ষা পাসের পর ৪ (চার) বৎসর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/ শ্রেণী বা সমমানের জিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| (১৮) | বিসিএস (ডাক) | (১) সহকারী পোস্টমাস্টার জেনারেল (২) সহকারী জেনারেল ম্যানেজার, পিএলআই (৩) উপ আঞ্চলিক ম্যানেজার, পিএলআই (৪) শাখা অফিসার, ডাইরেক্টরেট জেনারেল (৫) প্রশাসনিক অফিসার (৬) সহকারী নিয়ন্ত্রক (স্ট্যাম্পস্) (৭) সহকারী পরিচালক (৮) অধ্যক্ষ, পিটিসি (গ্রেড-৩) (৯) উপাধ্যক্ষ, পিটিসি (গ্রেড-২) (১০) প্রশিক্ষণ অফিসার, পিটিসি (১১) পোস্টমাস্টার (গ্রেড-এ) | ঐ |
| (১৯) | বিসিএস (জনস্বাস্থ্য প্রকৌশল) | সহকারী প্রকৌশলী | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশলে বিএসসি ইঞ্জিনিয়ারিং অথবা এর সমমানের ডিগ্রি। অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে এ.এম.আই.ই-এর "এ" এবং "বি" সেকশন পাস। |
| (২০) | বিসিএস (গণপূর্ত) | (ক) সহকারী প্রকৌশলী (সিভিল) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশলে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা এর সমমানের ডিগ্রি।<br>অথবা<br>এ.এম.আই.ই-এর "এ" এবং "বি" সেকশন পাস। |
| | | (খ) সহকারী প্রকৌশলী (ই/এম) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎকৌশল/ যন্ত্রকৌশলে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে এ.এম.আই.ই-এর "এ" এবং "বি" সেকশন পাস। |

| ক্রঃ নং | ক্যাডারের নাম | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| (২১) | বিসিএস (রেলওয়ে প্রকৌশল) | অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারিং/অ্যাসিস্ট্যান্ট ব্রিজেজ ইঞ্জিঃ/অ্যাসিস্ট্যান্ট ট্রাক সাপ্লাই অফিসার/স্লিপার পাসিং অফিসার/অ্যাসিস্ট্যান্ট মেকানিক্যাল ইঞ্জিনিয়ার/অ্যাসিস্ট্যান্ট ওয়ার্কস ম্যানেজার/চীফ মেকানিক্যাল ড্রাফ্টসম্যান/অ্যাসিস্ট্যান্ট মেরিন সুপারিনটেনডেন্ট/অ্যাসিস্ট্যান্ট ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার/ অ্যাসিস্ট্যান্ট সিগনাল ইঞ্জিনিয়ার/ অ্যাসিস্ট্যান্ট টেলিকমিউনিকেশন ইঞ্জিঃ/ অ্যাসিস্ট্যান্ট কন্ট্রোলার অব স্টোরস/অ্যাসিস্ট্যান্ট সুপারিনটেনডেন্ট অব প্রিন্টিং প্রেস। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎকৌশল/ যন্ত্রকৌশল/পুরকৌশলে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত ইনস্টিউট হইতে এ.এম.আই.ই-এর “এ” এবং “বি” সেকশন পাস। |
| (২২) | বিসিএস (রেলওয়ে পরিবহন ও বাণিজ্যিক) | অ্যাসিস্ট্যান্ট সুপারিনটেনডেন্ট অব রেটস অ্যান্ড ডেভেলপমেন্ট/ অ্যাসিস্ট্যান্ট সুপারিনটেনডেন্ট অব ট্রান্সপোর্টেশন/ অ্যাসিস্ট্যান্ট সুপারিনটেনডেন্ট অব ক্লেইমস/ অ্যাসিস্ট্যান্ট সুপারিনটেনডেন্ট অব ইন্টার চার্জ/ অ্যাসিস্ট্যান্ট সুপারিনটেনডেন্ট টিকেট/ অ্যাসিস্ট্যান্ট ট্রান্সপোর্টেশন অফিসার অব সেইফটি অ্যান্ড ইমপ্লিমেনটেশন/অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল অফিসার/ অ্যাসিস্ট্যান্ট ট্রান্সপোর্টেশন অফিসার। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে এইচ.এস.সি পরীক্ষা পাসের পর ৪ (চার) বৎসর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমমানের জিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| (২৩) | বিসিএস (সড়ক ও জনপথ) | সহকারী প্রকৌশলী (সিভিল) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশলে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে এ.এম.আই.ই-এর “এ” এবং “বি” সেকশন পাস। |
| | | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যন্ত্রকৌশলে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা এর সমমানের ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে এ.এম.আই.ই-এর “এ” এবং “বি” সেকশন পাস। |

| ক্রঃ নং | ক্যাডারের নাম | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| (২৪) | বিসিএস (পরিসংখ্যান) | পরিসংখ্যান কর্মকর্তা | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক পর্যায়ে অর্থনীতি অথবা পরিসংখ্যান অথবা পরিসংখ্যানসহ অর্থনীতি অথবা গণিতে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা বাণিজ্য বিভাগের যে কোন শাখায় অথবা সমাজ বিজ্ঞান বিষয়ে সমমানের ডিগ্রি অথবা উল্লিখিত যে কোন একটি বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে অনার্স ডিগ্রি। |
| (২৫) | বিসিএস (কর) | সহকারী কর কমিশনার/ ট্যাক্সেস রিকভারী অফিসার/সহকারী পরিচালক | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে এইচ.এস.সি পরীক্ষা পাসের পর ৪(চার) বৎসর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/ শ্রেণি বা সমমানের জিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| (২৬) | বিসিএস (কারিগরি শিক্ষা) | (ক) কারিগরি শিক্ষা অধিদপ্তরঃ প্রকল্প কর্মকর্তা/ ইকুইপমেন্ট অফিসার | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রি বা বিএড (টেক) বা বিএসসি (টেকনিক্যাল এডুকেশন) ডিগ্রি। |
| | | (খ) টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজঃ প্রভাষক (টেক) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে এমএস (টেকনিক্যাল এডুকেশন) ইঞ্জিনিয়ারিং বা এমএস ইঞ্জিনিয়ারিং বা সমমানের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে বিএসসি ইঞ্জিনিয়ারিং বা বিএড (টেক) বা বিএসসি (টেকনিক্যাল এডুকেশন) ডিগ্রি। |

| ক্রঃ নং | ক্যাডারের নাম | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| | | (গ) পলিকেটনিক ইনস্টিটিউটসমূহঃ (১) ইন্স্ট্রাক্টর (টেক) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রি বা বিএড (টেক) বা বিএসসি (টেকনিক্যাল এডুকেশন) ডিগ্রি। |
| | | (২) ইন্স্ট্রাক্টর (নন-টেক) (গণিত, পদার্থ, রসায়ন, অর্থনীতি এবং কমার্স) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে সম্মানসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি। |
| | | (৩) ওয়ার্কসপ সুপারিনটেনডেন্ট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রি বা বিএড (টেক) বা বিএসসি (টেকনিক্যাল এডুকেশন) ডিগ্রি। |
| | | (ঘ) গ্রাফিক আর্টস ইনস্টিটিউটঃ (১) ইন্স্ট্রাক্টর (টেক) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হইতে প্রিন্টিং টেকনোলজি/গ্রাফিক আর্টস বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। |
| | | (২) ইন্স্ট্রাক্টর (নন-টেক) (গণিত, পদার্থ, রসায়ন, অর্থনীতি এবং কমার্স) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে সম্মানসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি। |
| | | (৩) ওয়ার্কসপ সুপারিনটেনডেন্ট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রি বা বিএড (টেক) বা বিএসসি (টেকনিক্যাল এডুকেশন) ডিগ্রি। |

| ক্রঃ নং | ক্যাডারের নাম | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| | | (ঙ) বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউটঃ ইন্সট্রাক্টর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা সমমানের ডিগ্রি। |
| | | (চ) গ্লাস অ্যান্ড সিরামিকস্ ইনস্টিটিউটঃ<br>(১) ইন্সট্রাক্টর (টেক) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্লাস/সিরামিক অথবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়নে স্নাতক ডিগ্রিসহ ডিপ্লোমা ইন গ্লাস/সিরামিকসহ ৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা। |
| | | (২) ইন্সট্রাক্টর (নন-টেক) (গণিত, পদার্থ, রসায়ন) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি। |
| | | (৩) ওয়ার্কসপ সুপারিনটেনডেন্ট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্লাস/সিরামিক অথবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়নে স্নাতক ডিগ্রিসহ ডিপ্লোমা ইন গ্লাস/সিরামিকসহ ৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা। |
| | | (ছ) ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটঃ<br>ইন্সট্রাক্টর (টেক) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রি। |
| | | (জ) আঞ্চলিক পরিচালকের অফিস (প্রাক্তন আঞ্চলিক পরিদর্শকের অফিস)ঃ<br>আঞ্চলিক সহকারী পরিদর্শক | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রি। |

| ক্রঃ নং | ক্যাডারের নাম | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| | | (ঝ) ভিটিআইসমূহের (বর্তমানে টিএসসি)ঃ সুপারিনটেনডেন্ট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রি। |
| ২৭। | বিসিএস (বাণিজ্য) | (ক) গ্রুপ-বি (নন- টেকনিক্যাল) সহকারী পরিচালক (সরবরাহ)/ সহকারী পরিচালক, প্রাইসেস অ্যান্ড মার্কেট ইনটেলিজেন্স/ সহকারী নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি/ সহকারী কয়লা নিয়ন্ত্রক | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে এইচ.এস.সি পরীক্ষা পাসের পর ৪(চার) বৎসর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/ শ্রেণি বা সমমানের জিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| | | (খ) গ্রুপ-সি (টেকনিক্যাল) (ক) সহকারী পরিচালক (সরবরাহ)/ সহকারী পরিচালক (পরিদর্শন) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রি অথবা ইহার সমমানের শিক্ষাগত যোগ্যতা অথবা এ.এম.আই.ই-এর “এ” এবং “বি” সেকশন পাস। |

**তফসিল-২**
**[বিধি ২৩(২) দ্রষ্টব্য]**

১. মেডিকেল বোর্ড কোন প্রার্থীকে স্বাস্থ্যগতভাবে যোগ্য ঘোষণা না করিলে এবং প্রার্থী এমন কোন শারীরিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা তাহাকে মনোনীত ক্যাডার পদে দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, মেডিকেল বোর্ড এইরূপ প্রত্যয়ন না করিলে উক্ত প্রার্থী ক্যাডার পদে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হইবেন না। সঠিকভাবে স্বাস্থ্যগত পরীক্ষা সম্পন্ন করাও কোন ক্যাডার পদে নিয়োগের নিশ্চয়তা প্রদান করে না।

২. বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের অনুরোধ অনুযায়ী বাংলাদেশ সিভিল সার্ভিসে নিয়োগের জন্য মনোনীত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর করিবেন। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কমিশনের সহিত পরামর্শ করিয়া স্বাস্থ্য পরীক্ষার তারিখ, স্থান এবং অন্যান্য প্রয়োজনীয় বিষয় নির্ধারণ করিবেন এবং প্রার্থীদের সেইমতে অবহিত করিবেন। কমিশন কর্তৃক চূড়ান্ত মনোনয়ন সরকারের নিকট প্রেরণের পর পরই সরকারী কর্ম কমিশন স্বাস্থ্য পরীক্ষা-সংশ্লিষ্ট প্রার্থীদের যাবতীয় তথ্য স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করিবেন।

৩. স্বাস্থ্য পরীক্ষার প্রতিটি বোর্ডের ন্যূনতম সদস্য-সংখ্যা হইবে তিনজন, তবে পাঁচ এর অধিক হইবে না।

৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত তারিখে প্রার্থী স্বাস্থ্য পরীক্ষার বোর্ডে উপস্থিত হইবেন। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের সহিত আলোচনাক্রমে সরকার বিশেষ অবস্থার প্রেক্ষিতে কোন প্রার্থীকে পরবর্তী কোন তারিখে স্বাস্থ্য পরীক্ষায় উপস্থিত হওয়ার অনুমতি প্রদান করিতে পারিবে।

৫. স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক এই তফসিলের সহিত সংযুক্ত স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট-এ প্রত্যেক প্রার্থীর জন্য পৃথক পৃথক মেডিকেল রিপোর্ট কমিশনের নিকট জমা দিবেন।

৬. (১) কোন প্রার্থীর উচ্চতা ১৫২.৪০ সেঃমিঃ এর নিম্নে হইলে তিনি কোন ক্যাডার পদে নিয়োগের জন্য শারীরিকভাবে যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না। কোন প্রার্থীর ওজন ৪৯.৯৯ কেজির নিম্নে হইলে তিনি সাময়িকভাবে অযোগ্য ঘোষিত হইবেন। মহিলা প্রার্থীর ক্ষেত্রে এই উচ্চতা হইবে ১৪৭.৩২ সেঃমিঃ এবং এই ধরনের প্রার্থীর ওজন ৪৩.৫৪ কেজির নিম্নে হইবে না।

(২) উপ-বিধি ১ এ যাহাই থাকুক না কেন, যেই সকল পুরুষ প্রার্থীর উচ্চতা ১৬২.৫৬ সেঃমিঃ এর নিম্নে এবং মহিলা প্রার্থীর উচ্চতা ১৫২.৪০ সেঃ মিঃ এর নিম্নে তাহারা স্বাস্থ্যগতভাবে বিসিএস (পুলিশ), বিসিএস (আনসার) ক্যাডারে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হইবেন না। যে সকল পুরুষ প্রার্থীর ওজন ৫৪.৫৪ কেজি এবং মহিলা প্রার্থীর ওজন ৪৫.৪৫ কেজি এর কম তাহারা বিসিএস (পুলিশ) এবং বিসিএস (আনসার) ক্যাডারে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

৭. বয়স, উচ্চতা এবং বক্ষ পরিমাপের ক্ষেত্রে স্বাস্থ্য পরীক্ষার বোর্ড নিম্নবর্ণিত টেবিল গাইডলাইন হিসাবে ব্যবহার করিবেন, যথা:—

| জুতাসহ উচ্চতা (সেঃ মিঃ) | পূর্ণ প্রসারণের মাধ্যমে বক্ষ পরিমাণ (সেঃ মিঃ) | সর্বোচ্চ প্রসারণের মাত্রা (সেঃ মিঃ) |
|---|---|---|
| ১৫২.৪০ হইতে ১৬৫.১০ সেঃ মিঃ এর নিম্নে | ৭৬.২০ | ৫.০৮ |
| ১৬৫.১০ হইতে ১৭২.৭২ সেঃ মিঃ এর নিম্নে | ৭৮.৭৪ | ৫.০৮ |
| ১৭২.৭২ হইতে ১৭৭.৮০ সেঃ মিঃ এর নিম্নে | ৮১.২৮ | ৫.০৮ |
| ১৭৭.৮০ হইতে ১৮২.৮৮ সেঃ মিঃ এর নিম্নে | ৮৩.৮২ | ৫.০৮ |
| ১৮২.৮৮ সেঃ মিঃ হইতে তদূর্ধ্ব | ৮৬.৩৬ | ৫.০৮ |

৮. প্রার্থীর উচ্চতা নিম্নবর্ণিতরূপে পরিমাপ করা যাইবে ঃ

সঠিক উচ্চতা পরিমাপের জন্য প্রার্থী জুতা খুলিয়া পদযুগল একত্র করিয়া পায়ের গোড়ালির উপর ভর করিয়া দাঁড়াইবেন এবং এইক্ষেত্রে পায়ের আঙ্গুল বা গোড়ালির বাহিরের অংশে ভর করিয়া দাঁড়ানো যাইবে না। তিনি কোন অনমনীয়তা ছাড়াই সোজা হইয়া দাঁড়াইবেন যাহাতে ফিতা তাহার গোড়ালি, পায়ের গুল, নিতম্ব এবং কাঁধ নির্দিষ্ট মানদণ্ড স্পর্শ করে; আনুভূমিক দণ্ডের নিম্নে মাথার উপরের অংশকে সমতল করিতে তাহার চিবুক অবনত করিবেন এবং তাহার উচ্চতা সেঃ মিঃ ও সেঃ মিঃ এর চতুর্থাংশ পর্যন্ত হিসাব করিতে হইবে।

৯. প্রার্থীর বক্ষ নিম্নরূপে পরিমাপ করা হইবে ঃ

প্রার্থী তাহার বক্ষ পরিমাপের জন্য পদযুগল একত্রিত করিয়া বাহুদ্বয় মাথার উপরে উঠাইয়া সোজা হইয়া দাঁড়াইবেন। যখন বুকের চারিপাশে ফিতা দিয়া পরিমাপ করা হইবে তখন লক্ষ্য রাখিতে হইবে যে, ফিতার উপরের কিনারা কাঁধ ফলকের পিছনের নিম্নাংশকে স্পর্শ করে; এবং যখন ফিতা বুকের চারিদিকে ধরা হইবে তখন দেখিতে হইবে ইহা একই আনুভূমিক সমতল স্পর্শ করিয়াছে। অতঃপর বাহুযুগল পার্শ্ব বরাবরে হালকাভাবে নিম্নের দিকে ঝুলাইয়া রাখিতে হইবে, এবং সতর্কভাবে লক্ষ্য রাখিতে হইবে যে, ফিতা স্থানচ্যুত করিতে কাঁধ উপর বা পার্শ্বদিকে আন্দোলিত না হয়। এরপর প্রার্থী কয়েকবার গভীর শ্বাস লইতে নির্দেশিত হইবেন এবং তাহার বুকের সর্বোচ্চ প্রসারণ ও সর্বনিম্ন সংকোচন সতর্কতার সহিত লিপিবদ্ধ করা হইবে যাহার রেকর্ড ৮৩.৮২–৮৮.৯০ সেঃমিঃ এবং ৮৬.৩৬–৯২.৭১ সেঃমিঃ ইত্যাদি। পরিমাপে ভগ্নাংশ ০.৫০ সেঃমিঃ এর কম গণনায় অন্তর্ভুক্ত করা যাইবে না।

১০. প্রার্থীর ওজন কেজিতে পরিমাপ করিয়া সংরক্ষিত হইবে এবং কেজি এর ভগ্নাংশ গৃহীত হইবে না।

১১. প্রার্থীর দৃষ্টিশক্তি নিম্নরূপে পরীক্ষা করা হইবে, যথা :—

(১) সাধারণ-প্রার্থীর কোন চোখের অসুখ বা অস্বাভাবিকতা আছে কিনা তাহা পরীক্ষার জন্য প্রার্থীর চোখে সাধারণ পরীক্ষা করা হইবে। যদি কোন প্রার্থীর চোখ বা চোখের পাতার রুগ্নতা পরিলক্ষিত হয় বা তিনি টেরাচোখা হন বা তাহার কাছাকাছি গঠন হয় বা তাহার চোখ এত ছোট যে ভবিষ্যতে কাজের জন্য অনুপযুক্ত হিসাবে বিবেচিত হওয়ার সম্ভাবনা রহিয়াছে, তাহা হইলে তিনি চাকরির জন্য অযোগ্য ঘোষিত হইবেন।

(২) দৃষ্টি শক্তির তীক্ষ্ণতাঃ (ক) দৃষ্টি শক্তির তীক্ষ্ণতা পরীক্ষা দুই ধরনের হইতে পারে। একটি দূর দৃষ্টি পরীক্ষা এবং অন্যটি নিকট দৃষ্টি পরীক্ষা। প্রত্যেক চোখ পৃথকভাবে পরীক্ষা করিতে হইবে।

(খ) কোন প্রার্থীর দৃষ্টির তীক্ষ্ণতা নিম্নবর্ণিত পরিমাপের/মানদণ্ডের নিচে হইলে তিনি চাকরির জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না, যথা :—

মানদণ্ড (১)

| | ডান চোখ | বাম চোখ |
|---|---|---|
| দূর দৃষ্টি | ৬/৬ | ৬/৬ |
| নিকট দৃষ্টি-পঠন | ০.৬/টিআই/এন৫ | পঠন-০.৬/জেআই/এন৫ |

মানদণ্ড (২)

| | ত্রুটিমুক্ত চোখ | ত্রুটিপূর্ণ চোখ |
|---|---|---|
| দূর দৃষ্টি | ৬/৬ | গ্লাস/চশমা ছাড়া ৬/৬০ এর নিম্নে নহে<br>সংশোধিত হওয়ার পর চশমাসহ ৬/১২ এর নিম্নে নহে। |
| নিকট দৃষ্টি-পঠন | ০.৬/টিআই/এন৫ | পঠন-১/টি ২/এন৬ |

মানদণ্ড (৩)

| | ত্রুটিমুক্ত চোখ | ত্রুটিপূর্ণ চোখ |
|---|---|---|
| দূর দৃষ্টি | চশমা ছাড়া ৬/৬০ এর নিম্নে নহে এবং সংশোধিত হওয়ার পর চশমাসহ ৬/৬ এর নিম্নে নহে। | চশমা/গ্লাস ছাড়া ৬/৬০ এর নিম্নে নহে এবং সংশোধিত হওয়ার পর চশমাসহ ৬/১২ এর নিম্নে নহে। |
| নিকট দৃষ্টি-পঠন | ০.৬/টিআই/এন৫ | পঠন-১/টি৪/এন৮ |

**বিঃদ্রঃ** দৃষ্টির মানদণ্ডের ক্ষেত্রে কোন শিথিলতা গ্রহণযোগ্য হইবে না।

প্রত্যেক চোখ পৃথকভাবে পরীক্ষা করিতে হইবে এবং পরীক্ষার সময় অবশ্যই চোখের পাতা খোলা রাখিতে হইবে।

দূর দৃষ্টি পরীক্ষার জন্য চশমা ছাড়া ৬.০৯ মি. দূরত্বের কোন পরীক্ষা হইতে পারে এবং নিকট দৃষ্টির ক্ষেত্রে চশমা ছাড়া পরীক্ষার্থী দ্বারা নির্দিষ্ট যে কোন দূরত্বের পরীক্ষা হইতে পারে।

(গ) কোন পরীক্ষার্থীর দৃষ্টির তীক্ষ্ণতা নিম্নবর্ণিত মানদণ্ডের কম হইলে তাহা গৃহীত হইবে না, যথা :—

| | | ত্রুটিমুক্ত চোখ | ত্রুটিপূর্ণ চোখ |
|---|---|---|---|
| দূর দৃষ্টি | চশমা ছাড়া | *৬/২৪ | *৬/২৪ |
| | সংশোধিত হওয়ার পর চশমাসহ | ৬/৬ | ৬/১২ |
| নিকট দৃষ্টি | চশমাসহ বা চশমা ছাড়া | ০.৬/টিআই/এন৫ | ০.৬/টি২/এন৬ |

* সাময়িকভাবে ৬/৬ এর কম।

(৩) রঙ উপলব্ধি, রাতকানা এবং দৃষ্টিক্ষেত্র ঃ

ক. প্রত্যেক চোখ পৃথকভাবে পরীক্ষা করিতে হইবে এবং পরীক্ষার সময় চোখের পাতা অবশ্যই বিস্তৃতভাবে খোলা রাখিতে হইবে।

খ. প্রধান রঙ শনাক্তকরণে অক্ষমতা দেখা দিলে ইহা প্রার্থীর প্রার্থিতা বাতিলের কারণ হিসাবে বিবেচিত হইবে না, কিন্তু কার্যবিবরণীতে এই বিষয়ে নোট রাখিতে হইবে এবং প্রার্থীকে তাহা জানাইতে হইবে।

গ. হাতের নাড়াচাড়া দ্বারা পরীক্ষার ক্ষেত্রে প্রত্যেক চোখ পূর্ণ দৃষ্টিতে থাকিতে হইবে।

(৪) নিয়োগের জন্য সকল প্রার্থীর দৃষ্টির তীক্ষ্ণতার মাত্রা নিম্নবর্ণিত কর্মধারা অনুযায়ী কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত হইতে হইবে, যথা :—

| | | |
|---|---|---|
| ভি.পি | চশমাসহ | পঠন |
| ভি.এল | চশমাসহ | পঠন |

(৫) মারাত্মক অস্বাভাবিকতার ক্ষেত্রে চক্ষু বিশেষজ্ঞের মতামত লইতে হইবে।

**নোট**-কোন প্রার্থী নিয়োগের জন্য গ্রহণযোগ্য হইবেন না যদি তাহার দৃষ্টিশক্তি কন্টাক্ট গ্লাসের ব্যবহার ছাড়া উপরে বর্ণিত চাহিদাগুলি পূরণ না করে (A contact glass or lens is defined as a glass shall, the concavity of which is in contact with the glove of the eye, a layer of liquid being interposed between the lens and the cornea. The meaning of the word 'glass' wherever used above is to be interpreted as not covering contact glass)।

১২. পরীক্ষকের উপস্থিতিতে প্রার্থীর ধারণকৃত মূত্র পরীক্ষা করিয়া ফলাফল রেকর্ড করিতে হইবে।

১৩. নিম্নবর্ণিত অতিরিক্ত বিষয়গুলি পর্যবেক্ষণ করিতে হইবে, যথা :—

(১) প্রার্থীর প্রত্যেক কানে শ্রবণশক্তি ভাল এবং সেখানে কোন রোগের লক্ষণ নাই।

(২) কোন প্রতিবন্ধকতা/বাধা ছাড়া প্রার্থী স্বাভাবিকভাবে কথা বলিতে পারেন।

(৩) প্রার্থীর দাঁত যথাযথ বিন্যাসে আছে অথবা তিনি কৃত্রিম দাঁতের পংক্তিযুক্ত করিতে পারেন যাহা কার্যকর চর্বণে প্রয়োজন। চোয়ালে মাড়ির দাঁত থাকিতে হইবে। দাঁতের সুন্দর বিন্যাস ভাল দাঁত হিসাবে বিবেচিত হইবে।

(৪) প্রার্থীর বুকের গঠন, প্রসারণ, পর্যাপ্ত; এবং তার হৃদপিণ্ড ও ফুসফুস ভাল।

(৫) পাকস্থলী তথা অন্ত্রাদি সংক্রান্ত রোগের কোন লক্ষণ নাই।

(৬) প্রার্থী অতি উত্তেজিত নহেন।

(৭) প্রার্থী হাইড্রোসিল, উচ্চ মাত্রার ভেরিকসিল একশিরা সংক্রান্ত বিভিন্ন রোগ ও অর্শ রোগে ভুগেন না।

(৮) প্রার্থীর অঙ্গ-প্রত্যঙ্গ যেমন হাত, পা ইত্যাদির গঠন ও বৃদ্ধি ভাল হইতে হইবে এবং সকল যোগসন্ধির সঞ্চালন পূর্ণ ও ভাল হইতে হইবে।

(৯) প্রার্থী কোন অনিরাময়যোগ্য চর্মরোগে ভুগিতেছেন না।

(১০) কোন জন্মগত বিকলাঙ্গতা বা ত্রুটি নাই।

(১১) প্রার্থী এমন কোন তীব্র বা স্থায়ী অসুস্থতায় ভুগিতেছেন না যাহা তাহাকে শারীরিকভাবে অক্ষম করিয়া দিতে পারে।

(১২) প্রার্থী পর্যাপ্ত কার্যকর টিকাদানের চিহ্ন বহন করেন।

(১৩) প্রার্থীর কোন কমিউনিক্যাবল রোগ নাই মর্মে মেডিকেল অফিসার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট জমা দিতে হইবে।

১৪. কোন ত্রুটি পাওয়া গেলে স্বাস্থ্য পরীক্ষক তাহা স্বাস্থ্য রিপোর্টে উল্লেখ করিবেন এবং তাহার মতামত দিবেন যে, প্রাপ্ত ত্রুটি তাহার দায়িত্ব পালনে প্রার্থীকে বাধাগ্রস্ত করিবে না। ইহা অবশ্যই উল্লেখ করিতে হইবে যে, অপারেশনের মাধ্যমে স্বাস্থ্যগত ত্রুটি আরোগ্যযোগ্য কিনা।

১৫. স্বাস্থ্যবোর্ড কর্তৃক কোন প্রার্থী অযোগ্য ঘোষিত হইলে তাহাকে জানাইতে হইবে। যে নির্দিষ্ট ত্রুটি/ত্রুটিসমূহের জন্য প্রার্থী অযোগ্য ঘোষিত হইয়াছেন সেই ব্যাপারেও প্রার্থীকে অবহিত করিতে হইবে। প্রার্থী তথ্য প্রাপ্তির পরবর্তী ১৪ দিনের মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের নিকট মেডিকেল বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করিতে পারিবেন।

১৬. সরকার আপিল বিবেচনার ক্ষেত্রে যেরূপ মনে করেন সেরূপ পদ্ধতিতে বিবেচনা করিবার অধিকার সংরক্ষণ করেন এবং সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন অনুযায়ী সরকার আপিলেট মেডিকেল বোর্ড গঠনের জন্য বাধ্য নন।

১৭. উক্তরূপ আপিল গ্রহণের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিলে স্বাস্থ্য বিভাগ পুনঃ মেডিকেল বোর্ড গঠন করিবে এবং তারিখ ও স্থান নির্ধারণ করিবে। মহামান্য রাষ্ট্রপতি যদি পুনর্বিবেচনাপূর্বক ভিন্নরূপ কোন সিদ্ধান্ত প্রদান না করেন তবে আপিলেট মেডিকেল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৮. প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে স্বাস্থ্য পরীক্ষার উপরিউক্ত বিধানসমূহ সরকারি সিদ্ধান্ত সাপেক্ষে শিথিলযোগ্য।

## স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট ফর্ম
**(প্রার্থী কর্তৃক পূরণীয়)**

(১) প্রার্থীর নাম ঃ

(২) পিতা/স্বামীর নাম ঃ

(৩) মাতার নাম ঃ

(৪) স্থায়ী ঠিকানা ঃ

গ্রাম -------------------------------- ডাকঘর ------------------------------

উপজেলা/থানা ----------------- জেলা ------------ পোস্ট কোড ------------

(৫) বর্তমান ঠিকানা ঃ

গ্রাম ........................................ ডাকঘর...................................

উপজেলা/থানা ....................... জেলা ................. পোস্ট কোড ............

(৬) শিক্ষাগত যোগ্যতা ঃ

(৭) জন্ম তারিখ ঃ

(৮) প্রতিযোগিতামূলক পরীক্ষার নাম ঃ

(৯) রেজিঃ নম্বর ঃ

(১০) প্রার্থীর স্বাক্ষর ঃ

(১১) তারিখ ঃ

## মেডিকেল বোর্ডের ব্যবহারের জন্য

ঘোষণা করিতেছি যে, আমরা জনাব/বেগম .......................... কে পরীক্ষা করিয়াছি যিনি ২০ ............... সালে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক অনুষ্ঠিত বিসিএস পরীক্ষার একজন প্রার্থী যাহার রেজিঃ নং .................. এবং তারিখ ................ সময় ....... টায় স্বাস্থ্য পরীক্ষায় পাওয়া নিম্নরূপ রিপোর্ট প্রতিপাদন করিতেছি।

উচ্চতা (জুতা ছাড়া) ................................................................

ওজন ঃ ...................................................................................

বুকের মাপ .................................... প্রশ্বাসে /শ্বাস গ্রহণে .......................শ্বাস ত্যাগে।

তাহার নিজের বক্তব্যে/বর্ণনামতে বয়স ...................... বৎসর এবং দৃশ্যত বয়স ......... বৎসর

* প্রার্থী বর্ণনা করিয়াছেন যে, ইতঃপূর্বে তাহার স্বাস্থ্য পরীক্ষা করা হইয়াছে এবং নিম্নবর্ণিত কারণে মেডিকেল বোর্ড কর্তৃক বাতিলকৃত হইয়াছেন ঃ

| বৎসর/বৎসরসমূহ | যে চাকরির জন্য স্বাস্থ্য পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে | বাতিলের কারণ যদি জানা থাকে |
|---|---|---|
| | | |

* যদি প্রার্থী বর্ণনা করেন যে, তিনি ইতঃপূর্বে কোন পরীক্ষা করান নাই তাহা হইলে উপরিউক্ত অনুচ্ছেদ কাটিয়া দিন

**বোর্ড/বোর্ডসমূহের কার্যক্রম শুরুর পূর্বে আমরা প্রার্থীকে পরীক্ষা করিয়া নিম্নরূপ তথ্যাদি পাইয়াছি ঃ**

**সাধারণ প্রতিপাদন**

(১) অসংশোধিত ঃ ডান চোখ ............... বাম চোখ ..................

(২) সংশোধিত ঃ ডান চোখ ................... বাম চোখ ..................

(৩) ত্রুটির মাত্রা ও প্রকৃতি ঃ

(৪) দাঁত ঃ

(৫) শ্রবণ ঃ

(৬) ফুসফুস ঃ

(৭) হৃদপিণ্ড ঃ

(৮) যকৃত ঃ

(৯) প্লীহা ঃ

(১০) হার্নিয়া আছে বা নাই ঃ

(১১) হাইড্রোসিল আছে বা নাই ঃ

(১২) গ্লাইকোসিমিয়া আছে বা নাই ঃ

(১৩) অ্যালবোমিনুরিয়া আছে বা নাই ঃ

(১৪) অন্য কোন ত্রুটি বা বৈকল্য ঃ

(১৫) শনাক্তকরণ চিহ্ন ঃ

- (১০)(১১)(১২)(১৩) এ ত্রুটি আছে বা নাই তাহা প্রযোজ্যমতে কাটিয়া দিন।

আমরা মনে করি যে, তিনি ভাল দেহ ও স্বাস্থ্যের অধিকারী এবং ক্লান্তি সহ্য করিয়া কাজ করিতে সক্ষম। এবং ঘোষণা করা যায় যে, তিনি সরকারি কাজে প্রবেশ করিবার উপযুক্ত।

(যাহা অপ্রযোজ্য তাহা কাটিয়া দিন)

আমরা ............... কারণে তাহাকে সরকারি কাজে প্রবেশের ক্ষেত্রে অনুপযুক্ত বিবেচনা করিতেছি ঃ

| | | | |
|---|---|---|---|
| নাম | ঃ | ......................................... | সভাপতি |
| পদবি | ঃ | .......................................... | |

| | | | |
|---|---|---|---|
| নাম | ঃ | ......................................... | সদস্য |
| পদবি | ঃ | .......................................... | |

| | | | |
|---|---|---|---|
| নাম | ঃ | ......................................... | সদস্য |
| পদবি | ঃ | .......................................... | |

স্থান ............................

তারিখ ...........................

এখানে বাতিলের নির্দিষ্ট কারণ লিপিবদ্ধ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd